

NYC এডুকেশন কাউন্সিল পদের প্রার্থী হোন



কমিউনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল কী?

এডুকেশন কাউন্সিলে পরিষেবাদানের মাধ্যমে, পিতামাতাগণ নিউ ইয়র্ক সিটি স্কুলগুলির জন্য নীতি এবং অগ্রাধিকার প্রণয়নে একটি শক্তিশালী অভিমত দিতে সক্ষম হন। চ্যান্সেলরকে পরামর্শ প্রদান থেকে শুরু করে ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টের সাথে সরাসরি কাজ এবং ডিস্ট্রিক্ট এডুকেশন-সংক্রান্ত কর্মসূচি এবং চাহিদা পর্যালোচনা করে, এডুকেশন পলিসি প্রণয়নে 32টি কমিউনিটি এডুকেশন কাউন্সিল এবং 4টি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল একটি প্রধান ভূমিকা পালন করে এবং আমাদের পাবলিক স্কুলগুলিকে তাদের শ্রেষ্ঠত্ব বজায় রাখতে সহায়তা দেয়।

কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CECs)

CECগুলি পিতামাতাদেরকে ডিস্ট্রিক্ট লেভেলে শিক্ষার উপর একটি প্রভাব রাখার সুযোগ প্রদান করে। সেখানে 11 জন ভোট প্রদানে সক্ষম সদস্য রয়েছে: প্রি-কে থেকে 8 গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পিতামাতাদের মধ্যে 9 জন নির্বাচিত (এর মধ্যে একজন ইংরেজি ভাষা শিক্ষার্থীর পিতামাতা এবং আরেকজন IEP-যুক্ত শিক্ষার্থীর পিতামাতা), এবং 2 জন বরো প্রেসিডেন্ট নিয়োগপ্রাপ্ত।

সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল

সিটিওয়াইড কাউন্সিলগুলি পিতামাতাদেরকে নির্দিষ্ট জনগোষ্ঠীর জন্য নির্ধারিত এডুকেশন পলিসি তৈরির সুযোগ প্রদান করে। CECগুলোর মতো, এসব কাউন্সিলে 11 জন ভোটাধিকারী সদস্য থাকেন (9 জন নির্বাচিত ও 2 জন মনোনীত), সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুল এর ব্যতিক্রম, যার সদস্য সংখ্যা 13 জন (10 জন নির্বাচিত পিতামাতা ও 3 জন মনোনীত)।

প্রতিটি কাউন্সিলে 1 জন ভোটাধিকারহীন হাই স্কুল শিক্ষার্থী সদস্যও থাকে।

8টি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল নিম্নরূপ:

- সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্ (সিসিএইচএস)
- সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (CCSE)
- সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL)
- সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75 (CCD75)

এডুকেশন কাউন্সিল নির্বাচন

নিউ ইয়র্ক স্টেট আইনে বর্ণিত নিয়ম অনুযায়ী এডুকেশন কাউন্সিলের নির্বাচন প্রতি দুই বছরে অনুষ্ঠিত হয়। আবেদনের সময়ের শুরু 14 ফেব্রুয়ারি, 2019 প্রার্থীর যোগ্যতা এবং প্রচারণার সময়সূচির জন্য পরবর্তী পৃষ্ঠা দেখুন।

আরও তথ্যের জন্য,
schools.nyc.gov/run সাইট দেখুন



আমাদের স্কুলগুলোর আপনার মতো পিতামাতার প্রয়োজন আছে!

এডুকেশন কাউন্সিল সম্পর্কিত বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

কম্যুনিটি এডুকেশন কাউন্সিলে (সিইসি) কে কাজ করার যোগ্য?

আপনি যদি কোন শিক্ষার্থী যে বর্তমানে প্রি-কে থেকে ৪ গ্রেডে পাবলিক (নন-চার্টার) স্কুলে পড়ছে তাদের পিতামাতা হন... তাহলে এ ডিস্ট্রিক্টের CEC-র জন্য আপনি প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলে কে কাজ করার যোগ্য?

আপনার শিক্ষার্থী যদি কোন পাবলিক (নন-চার্টার) হাই স্কুলের শিক্ষার্থী হয়... তাহলে আপনি সিসিএইচএস-এর নির্বাচনে আপনি অংশ নিতে পারবেন, যে বরোটিতে হাই স্কুলটি অবস্থিত সেটির প্রতিনিধিত্ব করার জন্যে।

সিটিওয়াইড কাউন্সিল ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এ (সিসিইএলএল) কে কাজ করার যোগ্য?

বর্তমানে অথবা গত দুই বছরের মধ্যে আপনি যদি বাইলিঙ্গুয়াল অথবা ESL কর্মসূচির ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারের পিতামাতা হন... আপনি CCELL নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনে কে কাজ করার যোগ্য?

আপনার কোন IEPযুক্ত শিক্ষার্থী যদি বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশন থেকে বা ডিপার্টমেন্ট অব এডুকেশনের অর্থায়নে স্পেশাল এডুকেশন সার্ভিস লাভ করে... তাহলে আপনি CCSE-র নির্বাচনে অংশ নিতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75-এ কে কাজ করার যোগ্য?

আপনি যদি বর্তমানে কোন ডিস্ট্রিক্ট 75 স্কুলে স্পেশাল এডুকেশন পরিষেবা গ্রহণকারী একজন শিক্ষার্থীর পিতামাতা হন... তাহলে আপনি CCD75-এর নির্বাচনে অংশ নিতে পারবেন।

এইসব কাউন্সিলে কে কাজ করতে পারবে না?

আপনি কোন পাবলিক স্কুল কর্মকর্তা, ডিওই-এর কর্মচারী, প্যানেল ফর এডুকেশন পলিসি- সদস্য হলে, কিংবা কোন এডুকেশন কাউন্সিল, পিএ/পিটিএ, এসএলটি, প্রেসিডেন্টস কাউন্সিল থেকে বহিষ্কৃত হলে বা নির্দিষ্ট কোন অপরাধে অপরাধী সাব্যস্ত হলে, কোন এডুকেশন কাউন্সিলে কাজ করতে পারবেন না।

যোগ্যতা কখন নিরূপিত হয়?

এডুকেশন কাউন্সিল-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য আপনি আবেদনপত্র কতো তারিখ জমা দিয়েছেন, তার উপর যোগ্যতা নির্ধারিত হয়।

আমাদের চিঠির তালিকায় যোগ দিতে:

Elections2019@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন

2019-এর নির্বাচনের জন্য যেসব তারিখ মনে রাখতে হবে

14 ফেব্রুয়ারি- 6 মার্চ: একটি কাউন্সিলে আবেদন করুন

19 মার্চ: প্রার্থী কনফারেন্স

25 মার্চ - 1 মে: একটি প্রার্থী ফোরামে যোগ দিন

2 মে - 14 মে: PA/PTA অফিসার কর্তৃক অনলাইনে ভোটদান

21 মে: ইলেকশনের ফলাফল ঘোষণা করা হবে

